# মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)
বাগজান, মুলজান, মানিকগঞ্জ।
**ISO 9001:2015 CERTIFIED**

টেলিফোনঃ ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্রঃ ০২-৭৭১০৫৬৩, ফ্যাক্সঃ ০২-৭৭১০৯১৩, ই-মেইলঃ manikgonjpbs@gmail.com ওয়েবঃ www.pbs.manikganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০২.০০৮.২৬. ১৮৭৫ | তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত ডাটা এন্ট্রি অপারেটরের এর শূন্যপদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশি প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের পাশে বর্ণিত যোগ্যতা থাকা সাপেক্ষে অনলাইনে http://pbsmnk.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতন/ভাতা | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (ন্যূনতম ) | যে সকল এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ডাটা এন্ট্রি অপারেটর (মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত) | ০২ (দুই) টি (সংখ্যা কম/বেশি হতে পারে) | পবিস বেতন কাঠামো- ২০১৬ (Revised) অনুযায়ী মাসিক মূল বেতন ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর। | ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ২.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। কোনক্রমেই ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, এক্সেল, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এবং কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণ ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠন এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্তকরণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সম্পাদিত কার্যাদি সু-বিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনে দক্ষ হতে হবে।<br>চ) সঠিক নথি পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য সংগ্রহ ও ফাইল সংরক্ষণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | মানিকগঞ্জ জেলা/মানিকগঞ্জ পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ এবং ঢাকা জেলার ধামরাই উপজেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না। |

নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। **প্রার্থীর বয়সঃ**
২১/০৫/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রার্থীর বয়স কম বেশি হলে আবেদন গ্রহণযোগ্য হবে না। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/ সমমানের সনদ বিবেচিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত এবং বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় বিভাগীয় ছাড়পত্র দাখিল করতে হবে।

০৩। **প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**
মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশ পত্রের সাথে আবেদনে উল্লেখিত তথ্য প্রমাণের জন্য নিম্নোক্ত কাগজাদির সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি সহ মূল কপি প্রদর্শন করতে হবে।
(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি ।
(গ) কম্পিউটার পরিচালনার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ।
(ঘ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ (অনলাইনে নিবন্ধিত), নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদপত্র- এর সত্যায়িত ফটোকপি ।
(ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১,তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে।
(চ) সরকারি/ আধা সরকারি/স্বায়ত্ত শাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণের বিভাগীয় ছাড়পত্র /এনওসি।

০৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে www.pbs.manikganj.gov.bd এবং পরীক্ষার প্রবেশপত্র টেলিটকের http://pbsmnk.teletalk.com.bd লিংকের মাধ্যমে সরবরাহ করা হবে এবং প্রার্থীদের আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে sms এর মাধ্যমে জানানো হবে।

০৫। প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৬। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না। **মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।**

০৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ড/ মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

০৯। নিয়োগকালীন ডাটা এন্ট্রি অপারেটর পদের প্রাপ্যতার ভিত্তিতে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন / বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূন্য পদ পূরণ হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

১০। অত্র সমিতির কর্মচারীগণের প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারীগণের স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সর্ম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা পরিচালকগণের প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) কারো আবেদন করার প্রয়োজন নেই।

১১। ইতোপূর্বে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্তকৃত/ চাকুরীচ্যুত/ স্বেচ্ছায় পদত্যাগকারী/শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত ছিলেন / দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

১২। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা গোপন করে অথবা অন্যের স্থায়ী ঠিকানা ব্যবহার করে অথবা তথ্য গোপন করে কোনো প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে চাকুরীচ্যুতসহ তার বিরুদ্ধে দেশে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে বা কোন বিরুপ তথ্য পাওয়া গেলে তা অবগত করতঃ কোন প্রকার আগাম নোটিশ ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে।

১৪। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জন সাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশন নিয়োগ করা হবে। অন-প্রবেশন থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন, পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ হলে পবিস নির্দেশিকা - ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিতকরণসহ মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

১৫। চূড়ান্তভাবে নিবার্চিত প্রার্থীদের যোগদানের সময় অবশ্যই আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। প্রার্থী কোনো সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে ব্যর্থ হলে / সনদপত্র গ্রহণযোগ্য না হলে অথবা তথ্য যাচাইয়ে কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে চাকুরিতে যোগদান করতে দেয়া হবেনা।

১৬। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে এবং মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৭। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদবির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৯। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়ঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://pbsmnk.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online - এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: **২১/০৫/২০২৬ খ্রিঃ , সকাল ১০: ০০ ঘটিকা।**

(ii) Online - এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ: **০৪/০৬/২০২৬ খ্রিঃ, বিকাল ০৫.০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMSএর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক সময়ে সংগৃহীত (অনধিক ০৩ মাস) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৩০০ 'pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০*প্রস্থ ৮০ pixel ) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online - এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীর নিজেকে শতভাগ নিশ্চিত হতে হবে।

(ঘ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS **প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ অফেরতযোগ্য ১০০/- (একশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/-( বারো টাকা) সহ মোট ১১২ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: PBSMNK<Space< User Id লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSMNK **ABCDEF** & send to 16222

দ্বিতীয় SMS: PBSMNK<Space> YES< Space> PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSMNK **YES 12345678** & send to 16222

(চ) পরীক্ষার সময়সূচি ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS এবং http://pbsmnk.teletalk.com.bd এ নোটিশের মাধ্যমে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User Id এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের /কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User Id** জানা থাকলেঃ
PBSMNK<Space> **HELP**<Space>**USER**<Space> **User Id** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSMNK HELP USER ABCDEF & send to 16222

**Pin Number** জানা থাকলেঃ
PBSMNK<Space>**HELP**<Space>**PIN**<Space>**Pin Number** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: PBSMNK HELP PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট www.reb.gov.bd এবং মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট www.pbs.manikganj.gov.bd – এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/pbsmnk ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pbs.manikganj.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online - এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd এবং manikgonjpbs@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https:// www.facebook.com/alljobsbdteletalk -এ ম্যাসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PBSMNK; Post Name: DEO, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
**বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

18/05/26
**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য:প. (কে.অ.)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, মানিকগঞ্জ সদর/সাটুরিয়া/ঘিওর/দৌলতপুর/শিবালয়/সিংগাইর/হরিরামপুর উপজেলা, মানিকগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপথ, মানিকগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।
০৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১০। ডিজিএম (কারিগরি/সিংগাইর/মানিকগঞ্জ/ঘিওর/সাটুরিয়া/হরিরামপুর জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
১১। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম/আইটি), মানিকগঞ্জ পবিস।
১২। এজিএম (দৌলতপুর/শিবালয় সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মানিকগঞ্জ পবিস। (ওয়েবসাইটে আপলোড করবেন)
১৪। নোটিশ বোর্ড, মানিকগঞ্জ পবিস।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

18/05/26
**(মোঃ সুলতান নাছিমুল হক)**
সিনিয়র জেনারেল ম্যানেজার